# U.G. 2nd Semester Examination - 2021

## BENGALI

**[PROGRAM]**

**Course Code : BBNGCCRT201**

**Course Title : আধুনিক বাংলা সাহিত্য**

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) ‘নীল-দর্পণ’ নাটকের প্রথম সংস্করণে নাট্যকারের ছদ্মনাম কী ছিল?

খ) চন্দরা কে?

গ) ‘পদ্মিনী উপাখ্যান’ কাব্যে দিল্লীশ্বর আলাউদ্দীন কার কাছ থেকে পদ্মিনীর রূপলাবণ্যের কথা শুনেছিলেন?

ঘ) টেকচাঁদ ঠাকুরের আসল নাম কী?

ঙ) ‘নীল-দর্পণ’ নাটকটির ইংরেজি অনুবাদটির নাম কী?

চ) ‘আহা, দুটিতে বেশ মানায়।’ — উদ্ধৃতাংশটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন্ গল্পের?

ছ) ‘তাঁর কন্যা মনোরমা’ — এখানে ‘কন্যা’র নাম কী?

[পরের পাতায়]

জ) ‘নিশীথে’ গল্পে কোন্ নদীর কথা আছে?

ঝ) ‘স্বাধীনতা-হীনতায় কে বাঁচিতে চায় হে,
কে বাঁচিতে চায়?’ — উক্তিটি কার?

ঞ) ‘আলালের ঘরের দুলাল’-এ মতিলালের ভাইয়ের নাম কী?

ট) তোরাপ কে?

ঠ) সুরবালার স্বামীর পেশা কী?

ড) ‘মানুষের মধ্যে তাঁহার সম্পর্ক ছিল কেবল গিরিবালার সহিত।’ — উদ্ধৃতাংশে ‘তাঁহার’ কে?

ঢ) রবীন্দ্রনাথ ঠাকুরের ‘পোস্টমাস্টার’ গল্পটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

ণ) ‘আলালের ঘরের দুলাল’-এর কাহিনিটি কয়টি অধ্যায়ে বিন্যস্ত?

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের ‘পদ্মিনী উপাখ্যান’-এর কাহিনীর উৎস কী?

খ) দু-এককথায় ঠকচাচার পরিচয় দাও।

গ) ‘গৃহিনী সচিবঃ সখী মিথঃ
প্রিয়শিষ্যা ললিতে কলাবিধৌ।’ — শ্লোকটি কার লেখা, কোন্ গল্পে উদ্ধৃত হয়েছে?

ঘ) ‘নীল-দর্পণ’ নাটকে ব্যবহৃত দুটি প্রবাদ-প্রবচন উল্লেখ করো।

ঙ) ‘পদ্মিনী উপাখ্যান’ কাব্যটিতে কে, কার কাছে পদ্মিনীর উপাখ্যান বিবৃত করেন?

চ) ‘নীল-দর্পণ’ নাটকটির কয়টি অঙ্ক ও কয়টি গর্ভাঙ্ক?

ছ) ‘মেঘ ও রৌদ্র’ গল্পের নামকরণে মেঘ ও রৌদ্র কীসের প্রতীক?

জ) মতিলালের দুজন সঙ্গীর নাম লেখো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের ‘পদ্মিনী উপাখ্যান’ কাব্যে পদ্মিনীর রূপলাবণ্যের পরিচয় দাও।

খ) ‘কিন্তু রতনের মনে কোনো তত্ত্বের উদয় হইল না।’ — প্রসঙ্গ উল্লেখ করে রতনের মনে কোনো তত্ত্বের উদয় হল না কেন, তা লেখো।

গ) ‘আলালের ঘরের দুলাল’-এর বাবুরাম বাবুর চরিত্র সম্পর্কে আলোকপাত করো।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) ‘আলালের ঘরে দুলাল’-এ মতিলালের চারিত্রিক অধঃপতনের পরিচয় কীভাবে উঠে এসেছে, তা লেখো।

খ) ‘নীল-দর্পণ’ নাটকে ভদ্র চরিত্রের চেয়ে ভদ্রেতর চরিত্রগুলি বেশি উজ্জ্বল। — অভিমতটির যৌক্তিকতা বিচার করো।

গ) ‘শাস্তি’ গল্পে শাস্তির বহুমাত্রিক পরিচয় বর্তমান। — মন্তব্যটি স্মরণে রেখে ‘শাস্তি’ গল্পে কে, কীভাবে শাস্তি লাভ করে, তার পরিচয় দাও।

---